দৈনিক বাংলা

তারিখ 16 MAR 1989
পৃষ্ঠা 1 কলাম 2

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

017

# আজ এসএসসি পরীক্ষা শুরু: সাড়ে চার লাখ পরীক্ষার্থী

(স্টাফ রিপোর্টার)

দেশের চারটি শিক্ষা বোর্ডের ১৯৮৯ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা আজ থেকে শুরু হচ্ছে। এ বছর সর্বমোট পরীক্ষার্থীর সংখ্যা ৪ লাখ ৪৯ হাজার ৩৪২ জন। এর মাঝে ১ লাখ ৩৭ হাজার ২১১ জন ছাত্রী। গতবারের চেয়ে এবার পরীক্ষার্থীর সংখ্যা ৪০ হাজার বেশি।

সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে পরীক্ষা অনুষ্ঠানের যাবতীয় প্রস্তুতি ইতিমধ্যে সম্পন্ন হয়েছে। এ লক্ষ্যে ঢাকা মহানগরীর এসএসসি পরীক্ষা কেন্দ্রের দু'শ গজের মধ্যে চারজনের অধিক লোকের একসঙ্গে চলাফেরা এবং জমায়েত নিষিদ্ধ করা হয়েছে।

চলতি বছর ঢাকা বোর্ড থেকে সর্বাধিক সংখ্যক ছাত্রছাত্রী পরী-

(শেষ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## এসএসসি পরীক্ষা

(১ম পৃঃ পর)

ক্ষায় অংশ নিচ্ছে। এ বোর্ডে পরীক্ষার্থীর সংখ্যা ১ লাখ ৩৮ হাজার ৫৭৩ জন। এরপর পরীক্ষার্থীর সংখ্যা বেশি কুমিল্লা বোর্ডে, ১ লাখ ১৩ হাজার ৬৩৬ জন। রাজশাহী বোর্ড থেকে ১ লাখ ৭ হাজার ১৯ জন ছাত্রছাত্রী পরীক্ষায় অংশ নিচ্ছে। সবচেয়ে কম পরীক্ষার্থী যশোর বোর্ডের অধীনে। এ বোর্ডে পরীক্ষার্থীর সংখ্যা ৯০ হাজার ১১৪ জন। গত বছর চার বোর্ডের অধীনে এসএসসি পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৪ লাখ ৯ হাজার ৬৭১ জন।

এ বছর পরীক্ষা কেন্দ্রের সংখ্যা গতবারের চেয়ে কম। এবার চার বোর্ডের অধীনে মোট কেন্দ্রের সংখ্যা ৪৯১টি। বিদেশে সাতটি কেন্দ্র রয়েছে। এ কেন্দ্রগুলো থেকে ১০ জন ছাত্রীসহ ৪০ জন পরীক্ষায় অংশ নিচ্ছে। গত বছর চার বোর্ডের অধীনে মোট পরীক্ষা কেন্দ্র ছিল ৫০৪টি।

এসএসসি পরীক্ষার প্রথম দিনে আজ বাংলা প্রথম এবং দ্বিতীয় পত্রের পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষা শেষ হবে ৩রা এপ্রিল।

**কর্মসূচী পরিবর্তন**

এসএসসি পরীক্ষার কারণে শ্রমিক-কর্মচারী ঐক্য পরিষদ তাদের পূর্বঘোষিত ২৮শে মার্চের ২৪ ঘন্টার ধর্মঘট কর্মসূচী পরিবর্তন করে ২৪শে এপ্রিল ধর্মঘট পালনের সিদ্ধান্ত নিয়েছে। ছাত্র শিক্ষক এবং অভিভাবকদের অনুরোধের পরিপ্রেক্ষিতে এ সিদ্ধান্ত নেয়া হয়েছে বলে পরিষদের এক বিজ্ঞপ্তিতে জানানো হয়।